তারিখ 05 OCT 1991
পৃষ্ঠা ২ কলাম ৫

দৈনিক ইত্তেফাক

# ৪০ লক্ষ শিশু স্কুলের মুখ দেখে না

(ইত্তেফাক রিপোর্ট)

জাতীয় সংসদের উপ-নেতা প্রফেসর বদরুদ্দোজা চৌধুরী গতকাল (শুক্রবার) জাতীয় গ্রন্থকেন্দ্রে স্কুল ছাত্র-ছাত্রীদের প্রতিষ্ঠান 'অধ্য-

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

**৪০ লক্ষ শিশু**

( ১ম পৃঃ পর )

য়ন'-এর গুণীজনের মুখোমুখি অনুষ্ঠানে বলিয়াছেন, বাংলাদেশে প্রায় ৭০ ভাগ শিশু অপুষ্টিতে ভুগিতেছে। ৪০ লক্ষ শিশু কোনদিন স্কুলের মুখ দেখে না।

প্রতিষ্ঠানের পরিচালক হোসেন আল মাসুদের স্বাগত ভাষণের পর অধ্যয়ন সদস্য উইলস লিটল ফ্লাওয়ার স্কুলের ৫ম শ্রেণীর ছাত্রী লুবনা সুপারিশমালা পাঠ করে। ১৩ দফা সুপারিশে লুবনা কেন্দ্রীয় শিশু গ্রন্থাগার স্থাপন, রেডিও-টেলিভিশনে শিশু অনুষ্ঠানগুলির মানোন্নয়ন, শিশুগ্রন্থ ও পত্রিকার প্রকাশনা উন্নত করা, শিশুশ্রম ও পাচার বন্ধ করা, ট্রাফিক জ্যাম ও শিশুদের রাস্তা পারাপারে ব্যবস্থা গ্রহণ, শহরে ও মফস্বল শহরে আরো শিশুপার্ক স্থাপন, স্কুলগুলিতে স্বাস্থ্য পরিচর্যা ব্যবস্থা, শিশুপার্কে বড়দের ভিড় বন্ধ করা ইত্যাদি দাবী জানায়।

প্রশ্নোত্তর পালায় উদয়ন স্কুলের রূপম দাশের—বিশ্ববিদ্যালয় এলাকায় অবস্থিত এই স্কুলটিতে স্বৈরাচারের অবসানের পর বর্তমান গণতান্ত্রিক সরকারের আমলেও সন্ত্রাসের কারণে ভয়-ভীতির মধ্যে স্কুলে আসিতে হয়—এই প্রশ্নের জবাবে প্রফেসর বদরুদ্দোজা চৌধুরী বলেন অচিরেই সন্ত্রাস দমনে পদক্ষেপ নেওয়া হইবে। বাংলাদেশের স্বাধীনতার ধারাবাহিকতা ও ইতিহাস সম্পর্কিত আইডিয়াল স্কুলের নীনাদের প্রশ্নের জবাবে তিনি বলেন, ইহা আলোচনা করিলে ঘন্টার পর ঘন্টা সময় দরকার। তবে বদরুদ্দোজা চৌধুরী সবাইকে স্বাস্থ্য সচেতনতার জন্য শাক-আলু ইত্যাদি খাওয়ার এবং ক্রিমির আক্রমণ হইতে রক্ষায় সবসময় নখ কাটা ও হাত পরিষ্কার করিয়া খাবার গ্রহণের পরামর্শ দেন।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে জাতীয় গ্রন্থ কেন্দ্রের পরিচালক ফজলে রাব্বীও বক্তৃতা করেন।

৪